দৈনিক খবর

24

তারিখ ...27 FEB 1990...
পৃষ্ঠা... ...2...কলাম ...8...

# গতকালের ঢাকা বিশ্ববিদ্যালয়—

।। স্টাফ রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস গতকাল সোমবার বেশ শান্ত ছিল। বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন স্থানে ব্যাপক পুলিশ মোতায়েন রয়েছে। গতকাল ছাত্র ধর্মঘট চলাকালে প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে ছাত্র-পুলিশ মৃদু সংঘর্ষ হয়েছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন স্থানে ব্যাপক পুলিশ মোতায়েন রয়েছে। তবে আবাসিক ছাত্র-ছাত্রীরা হল ছেড়ে চলে যাওয়ায় ক্যাম্পাস এখন পুরোপুরি নীরব হয়ে পড়েছে। হলগুলো খাঁ খাঁ করছে। বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। গতকাল প্রশাসনিক ভবন ও লাইব্রেরীসহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন

শেষ পৃষ্ঠায় ৭ম কলামে

## গতকালের ঢাকা

প্রথম পৃষ্ঠার পর

প্রশাসনিক অফিসে কাজ চলে। তবে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন প্রবেশপথগুলোতে এখনও পুলিশ প্রহরা রয়েছে এবং রিক্সাসহ কোনো যানবাহন ক্যাম্পাসে চলাচল করছে না। উল্লেখ্য, গত রোববার ক্যাম্পাসে রক্তক্ষয়ী সংঘর্ষের পরে বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করা হয়। ডায়াবেটিক সেন্টারের ৫০৪ নম্বর কেবিনে চিকিৎসাধীন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের অবস্থা উন্নতির দিকে বলে জানা গেছে। সংঘর্ষকালে পেটে গুলীবিদ্ধ হয়ে আহত আবদুস সালামের অবস্থাও ভালোর দিকে। সে এখন ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন।

### প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে

প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের (হা-অ) আহ্বানে গতকাল ছাত্র ধর্মঘট পালিত হয়। ধর্মঘট চলাকালে সলিমুল্লাহ হলের সামনের রাস্তায় মোতায়েনকৃত পুলিশের সাথে প্রকৌশল বিশ্ববিদ্যালয় ছাত্রদের মৃদু সংঘর্ষ হয়।